Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 10 May, 2025

চট্টগ্রামের মিরসরাইয়ে বাংলাদেশ জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলে মডার্ন সিনটেক্স নামের একটি কারখানায় চাকরি স্থায়ীকরণসহ ১৪ দফা দাবি আদায়ে কর্মবিরতিতে নেমেছে শ্রমিকরা।

শনিবার (১০ মে) সকাল ১০টা থেকে অর্থনৈতিক অঞ্চলের জোন-৬ এর মডার্ন সিনটেক্স কারখানার মূল ফটকে কর্ম বিরতি দিয়ে শ্রমিকরা অবস্থান নেয়।

কর্মবিরতি দিয়ে কারখানা ফটকে অবস্থান নেওয়া শ্রমিকরা জানান, মডার্ন সিনটেক্স কারখানায় মূলত পলিস্টার আঁকাটেক্সচাড সুতা (ডিটিওয়াই), পাকজেস্টার ফুলিদ্রসান ইয়াম (এফ ও), পলিয়েস্টার স্ট্যাপল ফবার (বিএসএফ) ও পলিথিন চিপস উৎপাদনকারী প্রতিষ্ঠান।দৈনিক প্রায় ৪৫০ টন উৎপাদন ক্ষমতার এই কারখানায় প্রতিদিন তিন ধাপে অন্তত ১ হাজার ৬শ শ্রমিক কাজ করে।কিন্তু কারখানা কর্তৃপক্ষ নিয়োগ দেওয়ার সময় যে সমস্ত সুযোগ-সুবিধার আশ্বাস দিয়েছিল তার কোনোটিই এখন বাস্তবায়ন করছে না।তাই চাকরিতে ন্যায্য অধিকার পেতে ১৪ দফা দাবি আদায়ে কর্মবিরতি দিয়ে কারখানা ফটকে অবস্থান নিয়েছে শ্রমিকরা।প্রচন্ড গরমে কারখানা ছেড়ে মূল ফটকে প্রায় শতাধিক শ্রমিক অবস্থায় নেয়।

এ বিষয়ে জানতে চাইলে আন্দোলনরত শ্রমিকদের প্রতিনিধি মোহাম্মদ আরাফাত বলেন, আমাদের ১২ ঘন্টা কাজ করিয়ে ৮ ঘন্টার বেতন দেয়মডার্ন সিনটেক্স কারখানা কর্তৃপক্ষ। নিয়োগ দেওয়ার সময় নির্দিষ্ট সময়ে নিয়োগপত্র দিয়ে চাকরির স্থায়ী করার কথা থাকলেও সেটি তারা এখনো করেনি।এটি ছাড়াও আমাদের সর্বনিম্ন বেতন ১৮ হাজার টাকা করা, বন্ধের

দিন কাজ করলে দ্বিগুন হাজিরা দেয়া, দুপুরে খাবারের ব্যবস্থা করা, সরাসরি কর্তৃপক্ষকে অভিযোগ দেয়ার সুযোগ দেয়া, ঈদের সময় কারখানা বন্ধ রাখা, সকল প্রকার হয়রানি বন্ধ করাসহ ১৪ দফা দাবি দিয়েছি আমরা।কর্তৃপক্ষ এসব দাবি না মানলে আমাদের কর্মবিরতি ও আন্দোলন অব্যাহত থাকবে।

জানতে চাইলে মডার্ন সিনটেক্স কারখানার ব্যবস্থাপক (মানবসম্পদ) ইয়াসির আরাফাত এবিষয়ে বলেন, শনিবার সকাল থেকে হঠাৎ করে কারখানার কিছু শ্রমিক কর্ম বিরতি দিয়ে কারখানার মূল ফটকে অবস্থান নিয়েছে।আমরা তাদের কাছে দাবি-দাওয়ার বিষয়ে জানতে চেয়ে আলোচনায় বসে সমাধান করার অনুরোধ করেছি।দুপুর ১টা পর্যন্ত আমাদের আহ্বানে আন্দোলনরত শ্রমিকরা সাড়া দেয়নি।আলোচনার মাধ্যমে দাবি যুক্তিসঙ্গত দিকগুলো তুলে ধরে সমাধানের চেষ্টা করা হবে।

এ বিষয়ে জানতে চাইলে বাংলাদেশ জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলের শিল্প পুলিশ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তপন সাহা বলেন, শনিবার সকাল থেকে মডার্ন সিনটেক্স কারখানার শ্রমিকদের একটি অংশ দাবি দাওয়া আদায়ে কারখানা ফটকে অবস্থান নিয়েছে।শিল্প পুলিশের সদস্যরা সতর্ক অবস্থানে রয়েছে।কারখানা এলাকায় কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

শ্রমিক কর্মবিরতি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:24

URL: https://www.timestodaybd.com/chittagong/2249163357